**"বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক সংক্রান্ত কর্মশালার র‍্যাপোটিয়ার্স রিপোর্ট"**

তারিখঃ ২৬.০৪.২০২২খ্রি.
সময়ঃ সকাল ১:৩০ ঘটিকা
স্থানঃ অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক উপলক্ষ্যে ২৬.০৪.২০২২খ্রি. অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মুখ্য আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, সচিব, এবং আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়। মূল প্রবন্ধক উপস্থাপক হিসাবে জনাব মো: শাহ্ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়। এছাড়া অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সদস্য সম্মানিত সকল অতিরিক্ত সচিব ও ডিজি (এফপিএমইউ মহোদয়), সম্মানিত সদস্য সচিব, উপসচিব, সরবরাহ-২ শাখা (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান মহোদয় এবং সম্মানিত ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সকল সদস্য এবং পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

**সঞ্চালক** কর্তৃক উপস্থাপনঃ জনাব সৌরেন্দ্র নাথ সাহা, উপসচিব (সরবরাহ-২) খাদ্য মন্ত্রণালয় কর্তৃক কর্মশালাটি সঞ্চালন করা হয়।

**প্রবন্ধ উপস্থাপনঃ** জনাব মো: শাহ্ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় ২০২১-২২ অর্থবছরের বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনাপর্বে প্রবন্ধ উপস্থাপক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং-২.১ ২০২১-২২ অর্থবছরের ক্রয়পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত ক্রয়পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ; ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন; ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন; ৩.১ কর্তৃপক্ষের আওতাধীন কার্যালয়সমূহের নিজস্ব ওয়েবসাইট চালুকরণ; ৩.২ কর্তৃপক্ষের শৃঙ্খলা বজায় রাখার জন্য ষ্টোর এবং গ্যারেজ সিসি টিভি ক্যামেরা দ্বারা মনিটরিং; ৩.৩ কর্তৃপক্ষের নিজস্ব হটলাইন সংযোজন; ৩.৪ ডিজিটাল হাজিরা প্রবর্তন; বাস্তবায়ন বিষয়ক বিভিন্ন মতামত তুলে ধরে বিভিন্ন সুপারিশ প্রস্তাব করেন।

**<u>প্যানেল আলোচকদের আলোচনাঃ</u>**

মূখ্য আলোচক ড. মোছাম্মৎ নাজমানারা খানুম সভার প্রারম্ভে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণ করে শুদ্ধ আচরণ যেন আমাদের মধ্যে গড়ে উঠে এই আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সেমিনারের শুভ উদ্বোধন করেন। অতপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ আইন,নীতি, পদ্ধতি, অনুরসণ করে যাতে লক্ষ্য ও উদ্দেশ্য সাধিত হয় সেই মনোভাব নিয়ে সকলকে কাজ করার আহবান জানান। তিনি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপস্থাপিত ২০২১-২০২২ অর্থবছরের কার্যক্রমের ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর বিভিন্ন মূল্যবান পরামর্শ প্রদান করেন। জনাব মোঃ খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব আলোচনায় বিভিন্ন কার্যক্রম যথযথভাবে বাস্তবায়নের বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান করেন।

**<u>মুক্ত আলোচনাঃ</u>**

মুক্ত আলোচনা পর্বে জনাব ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব, জনাব আব্দুল কাইউম সরকার, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নূরে খাজা আলামিন ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আসমা উল হুসনা ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

**<u>র‍্যাপোটিয়ারবৃন্দের পর্যবেক্ষণের ভিত্তিতে সেমিনারে গৃহিত সুপারিশঃ</u>**

কর্মশালায় উপস্থাপিত প্রবন্ধ এবং আলোচক ও মুক্ত আলোচনার মতামতের পর্যালোচনার ভিত্তিতে র‍্যাপোটিয়ারবৃন্দ তাদের পর্যবেক্ষণ উপস্থাপন করলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর সর্বসম্মতভাবে নিম্নলিখিত ফিডব্যাকসমূহ প্রদানের সুপারিশ করা হয়ঃ

**(ক) দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফিডব্যাকসমূহঃ**

| কার্যক্রমে নাম | পর্যালোচনা | ফিডব্যাক |
|---|---|---|
| ২.১ ২০২১-২২ অর্থবছরের ক্রয়পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত ক্রয়পরিকল্পনাসহ) ওবেসাইটে প্রকাশ | রাজস্ব বাজেটের ক্রয়পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কিন্তু বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২টি প্রকল্পের ক্রয়পরিকল্পনা এখনো ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি। দ্রুত প্রকল্প ০২টির ক্রয়পরিকল্পনা/সংশোধিত ক্রয়পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২টি প্রকল্পের ক্রয়পরিকল্পনা/সংশোধিত পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন। |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৩য় কোয়ার্টারের ১টি PIC সভা নির্ধারিত থাকলেও তা আয়োজন করা হয়নি। পরবর্তী কোয়ার্টারে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | পরবর্তী কোয়ার্টারে বর্ধিত সংখ্যক সভা আয়োজন করে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন করা প্রয়োজন। |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৩০.১.২০২২খ্রি. তারিখের ফিডব্যাক অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা ৮০% নির্ধারণ করা হয়েছে। যা ১০০% হওয়া সমিচীন হবে। | ৪র্থ কোয়ার্টারে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা ৮০% নির্ধারণ করা হয়েছে। যা ১০০% হওয়া প্রয়োজন। |
| ৩.১ কর্তৃপক্ষের আওতাধীন কার্যালয়সমূহের নিজস্ব ওয়েবসাইট চালুকরণ | কার্যক্রমটি অর্জন দেখানো হয়েছে কিন্তু কি মাত্রায় অর্জিত হয়েছে তা জানানো হয়নি। আগামী ৭দিনের মধ্যে কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত তা প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। | কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত হয়েছে তা প্রমাণকসহ আগামী ৭দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। |
| ৩.২ কর্তৃপক্ষের শৃঙ্খলা বজায় রাখার জন্য ষ্টোর এবং গ্যারেজ সিসি টিভি ক্যামেরা দ্বারা মনিটরিং | কার্যক্রমটি অর্জন দেখানো হয়েছে কিন্তু কি মাত্রায় অর্জিত হয়েছে তা জানানো হয়নি। আগামী ৭দিনের মধ্যে কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত তা প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। | কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত হয়েছে তা প্রমাণকসহ আগামী ৭দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। |
| ৩.৩ কর্তৃপক্ষের নিজস্ব হটলাইন সংযোজন | কার্যক্রমটি কি পরিমাপে বাস্তবায়ন করা হবে সে লক্ষ্যমাত্রা এবং প্রমাণক কি কি হবে তা নির্ধারণ করে মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করার জন্য ফিডব্যাক প্রদান করা হয় কিন্তু প্রতিবেদন পাওয়া যায়নি। আগামী ৭ দিনের মধ্যে এ বিষয়ে প্রমাণক নির্ধারণসহ প্রতিবেদন দিতে হবে। | প্রমাণক ও পরিমাপ নির্ধারণ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দেওয়া প্রয়োজন। মন্ত্রণালয়ে আগামী ৭দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। |
| ৩.৪ ডিজিটাল হাজিরা প্রবর্তন | কার্যক্রমটি অর্জন দেখানো হয়েছে কিন্তু কি মাত্রায় অর্জিত হয়েছে তা জানানো হয়নি। আগামী ৭দিনের মধ্যে কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত তা প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। | কার্যক্রমটি কি মাত্রায় অর্জিত হয়েছে তা প্রমাণকসহ. আগামী ৭দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। |

অতঃপর সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাযথ বাস্তবায়নের মাধ্যমে যাতে করে দুর্নীতি হ্রাস পায় এবং সুশাসন ও কর্মপরিবেশের উন্নয়ন ঘটে সে আশাবাদ ব্যক্ত করে সেমিনারে সক্রিয় ও প্রাণবন্ত অংশগ্রহণের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৪/২০২২
মোঃ জুয়েল রানা
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

২৭/৪/২২
স্বপ্না ভদ্র
প্রশাসনিক কর্মকর্তা